তারিখ 12 FEB 2018
পৃষ্ঠা ৭ কলাম ৬

# ঘাটাইলে এক মাদ্রাসার ১৪ পরীক্ষার্থীই ভুয়া

■ টাঙ্গাইল প্রতিনিধি

ঘাটাইল উপজেলার মনতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসার চলতি বছরের দাখিল পরীক্ষার ১৪ পরীক্ষার্থীর সবাই ভুয়া বলে প্রমাণিত হয়েছে। এ ঘটনায় শনিবার সহকারী কমিশনার (ভূমি) আম্বিয়া সুলতানা তিন ভুয়া পরীক্ষার্থীকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এক বছর করে বিনাশ্রম কারাদণ্ড দেন। তাদের সবাইকে জেলহাজতে পাঠানো হয়েছে। মাদ্রাসার সুপারসহ অপর ১১ দাখিল পরীক্ষার্থী পলাতক। বাকি পরীক্ষার্থীরা রোববার অনুষ্ঠিত পরীক্ষায় অংশ নেয়নি।

সহকারী কমিশনার (ভূমি) আম্বিয়া সুলতানা বলেন, উপজেলার মনতলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা থেকে চলতি বছর অনুষ্ঠিত দাখিল পরীক্ষায় ১৪৪০৭৯ থেকে ১৪৪০৯২ রোল নম্বরধারী ১৪ জন পরীক্ষার্থী অংশ নেয়। ১ ফেব্রুয়ারি থেকে এসব পরীক্ষার্থী শহরগোপীনপুর ফাজিল মাদ্রাসা কেন্দ্রে পরীক্ষা দিয়ে আসছিল। শনিবার সাধারণ গণিত পরীক্ষায় বহুনির্বাচনী পরীক্ষা শেষ হওয়ার পর সৃজনশীল পরীক্ষা চলাকালে ওই মাদ্রাসার অংশ নেওয়া সব পরীক্ষার্থী ভুয়া বলে জানতে পারে কর্তৃপক্ষ।

খবর পেয়ে সহকারী কমিশনার (ভূমি) আম্বিয়া সুলতানা কেন্দ্রে উপস্থিত হয়ে পরীক্ষার্থীদের প্রবেশপত্র চেক করেন। এ সময় ভুয়া পরীক্ষার্থী প্রমাণ হওয়ায় তিন পরীক্ষার্থীকে আটক করা হয়। পরে আটক তিন পরীক্ষার্থীকে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এক বছর করে বিনাশ্রম কারাদণ্ড দেন। বাকি পরীক্ষার্থীরা রোববার অনুষ্ঠিত পরীক্ষায় অংশ নেয়নি। মাদ্রাসার সুপার নূরুল ইসলামের মোবাইল ফোনে যোগাযোগ করলে তার ফোন নম্বরটি বন্ধ পাওয়া যায়।